



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

৩১৫০২

নং- বামাশিবো/প্রশা/ফরিদপুর-৭৭/ ১৬৬৮৪

তারিখঃ ১৫/০১/২০১৭খ্রিঃ


বিষয় : অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না তার কারণ দর্শানো প্রসঙ্গে।

- সূত্রঃ ১) স্মারক নং- ০৫.৪৭৩.০১৪.০০.০০.০০৪.২০১৭-১০; তারিখঃ ০২/০১/২০১৬
২) নং- বামাশিবো/প্রশা/ফরিদপুর-৭৭/১৬৩৯/৪; তারিখঃ ২৮/১১/২০১৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ফরিদপুর জেলার সালথা উপজেলাধীন পশ্চিম বিভাগদী আব্বাসিয়া দাখিল মাদরাসার ম্যানেজিং কমিটির দাতা সদস্য জনাব ওমর আলী বিদ্যমান ম্যানেজিং কমিটি ভেঙ্গে দেয়ার জন্য আবেদন করেন। দাখিলকৃত আবেদন ও সংযুক্ত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায়, সভাপতি কর্তৃক ক্ষমতার অপব্যবহার, অসদাচরণ, দুঃব্যবহার, অর্থ আত্মসাৎসহ বিভিন্ন অনিয়মের কারণে ম্যানেজিং কমিটির ০৬ জন সদস্য (দাতা সদস্য-০১ জন, অভিভাবক সদস্য-০৩ জন ও শিক্ষক প্রতিনিধি-০২ জন) পদত্যাগপত্র প্রদান করেন।

২) অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণ করার জন্য সূত্রে উল্লিখিত ২নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, সালথা, ফরিদপুরকে পত্র দেয়া হয়। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা কৃষি অফিসার, সালথা, ফরিদপুর এর মাধ্যমে তদন্ত পূর্বক সূত্রে উল্লিখিত ১নং স্মারকে একটি প্রতিবেদন প্রেরণ করেছেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, সভাপতির বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ সঠিক মর্মে প্রমানিত হয়েছে, এ কারণেই ম্যানেজিং কমিটির ০৬জন সদস্য পদত্যাগ করেছেন।

বর্ণিত অবস্থায় ম্যানেজিং কমিটির সভা অনুষ্ঠান করার কোরাম পূরণ না থাকায় প্রতিষ্ঠানের স্বার্থে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং- বামাশিবো/প্রশা/০৮/নথি নং- ফরিদ-৭৭; তারিখঃ ১৭/০৬/২০১৫খ্রিঃ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে তার সন্তোষজনক জবাব নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।


তারিখঃ ১৫/১/১৭
প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬১২৮৫৮

- প্রাপকঃ ১) সভাপতি, ম্যানেজিং কমিটি, পশ্চিম বিভাগদী আব্বাসিয়া দাখিল মাদরাসা, সালথা, ফরিদপুর।
২) সুপার, পশ্চিম বিভাগদী আব্বাসিয়া দাখিল মাদরাসা, সালথা, ফরিদপুর।

নং- বামাশিবো/প্রশা/ফরিদপুর-৭৭/

তারিখঃ /০১/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, সালথা, ফরিদপুর।
২. জেলা শিক্ষা অফিসার, ফরিদপুর।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সালথা, ফরিদপুর।
৪. সদস্যবৃন্দ, ম্যানেজিং কমিটি, পশ্চিম বিভাগদী আব্বাসিয়া দাখিল মাদরাসা, সালথা, ফরিদপুর।
৫. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬৭৪৮৭৪